তারিখ . 10 NOV 2015
পৃষ্ঠা ১৫ কলাম 2

দৈনিক
ইত্তেফাক

# পূর্ণাঙ্গ হাসপাতাল চালুর দাবিতে মেডিক্যাল কলেজ অচল

■ সাতক্ষীরা প্রতিনিধি

২৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতাল চালুর দাবিতে টানা ১০ দিনের আন্দোলনে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ অচল হয়ে পড়েছে। রবিবার সকালে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে কলেজ ক্যাম্পাস থেকে বেরিয়ে সাতক্ষীরা-কালিগঞ্জ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও সড়কের উপর শুয়ে পড়ে অবস্থান ধর্মঘট পালন করে। এ সময় সড়কের দুই ধারে যানজট লেগে যায়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন, মেডিক্যাল কলেজের ৫ম বর্ষের ছাত্রী অরিন আক্তার, ছাত্র সালমান আমির, আব্দুল আল-মামুন, আলমগীর হোসেন ও ৪র্থ বর্ষের ছাত্র আসলাম হোসেন, খালেক সাইফুল, আহসান হাবিব প্রমুখ। এর ফলে মেডিক্যাল কলেজের সকল শিক্ষা কার্যক্রম অচল হয়ে পড়েছে।

এদিকে, সম্প্রতি সাবেক স্বাস্থ্যমন্ত্রী ডা. আ ফ ম রুহুল হক এমপি, মেডিক্যাল এডুকেশন বিভাগের পরিচালক প্রফেসর ডা. আব্দুর রশিদ, সাতক্ষীরা জেলা পরিষদ প্রশাসকসহ স্থানীয় বিএমএ নেতৃবৃন্দ সাতক্ষীরা মেডিক্যাল কলেজে গিয়ে তাদের দাবি পূরণের আশ্বাস দিয়ে আন্দোলন প্রত্যাহারের অনুরোধ জানালেও শিক্ষার্থীরা তাদের সিদ্ধান্তে অনড় থেকে তাদের আন্দোলন চালিয়ে যাচ্ছে।